**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-২২৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

**বিষয় : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকায় আগামী **২৮ এপ্রিল ২০২৪** তারিখে **ইভিএম** এর মাধ্যমে ভোটগ্রহণের দিন (ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ থেকে বিকাল ৪.০০ ঘটিকা) নির্ধারণকরত উপনির্বাচন সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। উল্লিখিত সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদে উপনির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করা হয়েছে (সংলগ্নী-১)। তাছাড়া মনোনয়নপত্র বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি করার জন্য ইতঃপূর্বে অনুষ্ঠিত সিটি কর্পোরেশনের সাধারণ নির্বাচন উপলক্ষে জারীকৃত আপিল কর্তৃপক্ষ নিয়োগের প্রজ্ঞাপন অনুযায়ী বিভাগীয় কমিশনার, ঢাকা-কে আপিল কর্তৃপক্ষ হিসেবে বহাল রাখার বিষয়েও সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

৩। সিটি কর্পোরেশনের উল্লিখিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে-

(ক) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুযায়ী সময়সূচির বিজ্ঞপ্তি জারি এবং বিজ্ঞপ্তিতে ইভিএম এর মাধ্যমে নির্বাচনের বিষয়টি উল্লেখ করে স্থানীয়ভাবে প্রচার করা;

(খ) ভোটগ্রহণের পূর্বের দিন ইভিএমসহ নির্বাচনি মালামাল ভোটকেন্দ্রে যথাযথভাবে পৌছানো সংক্রান্ত পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ;

(গ) ভোটগ্রহণ শুরু সংক্রান্ত প্রতিবেদন ও সকাল ৮.০০টা হতে ভোটগ্রহণ সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতি ০২ (দুই) ঘণ্টা অন্তর অন্তর এবং ভোটগ্রহণ শেষ হওয়ার পর ০১টি পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ;

(ঘ) ভোটগ্রহণের দিন পরিস্থিতি প্রতিবেদন সংগ্রহ ও নির্বাচন কমিশনে প্রেরণ এবং প্রাথমিক ফলাফল বার্তা শিটের মাধ্যমে প্রেরণ; এবং

(ঙ) সিটি কর্পোরেশন সাধারণ নির্বাচন উপলক্ষে ইতঃপূর্বে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং হালনাগদকৃত আইন ও বিধি মোতাবেক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ;

৪। বর্ণিতাবস্থায়, মাননীয় নির্বাচন কমিশনের উপরোল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/০৩/২০২৪

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

প্রাপক,
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ঢাকা ও রিটার্নিং অফিসার

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-২২৬

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০
১২ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব..................................................(সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..................(সংশ্লিষ্ট) বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. পুলিশ কমিশনার, ..................(সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক, ..................................(সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................(সংশ্লিষ্ট)
১৭. পুলিশ সুপার, ..................................(সংশ্লিষ্ট)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ..................(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................, এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. থানা নির্বাচন অফিসার, ..................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. অফিসার ইনচার্জ.....................................(সংশ্লিষ্ট) থানা।

12.03.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন- ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-২২৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

## বিজ্ঞপ্তি

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-২২৭। - স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা নিম্নবর্ণিত তফসিলের ১ নম্বর কলামে উল্লিখিত সিটি কর্পোরেশনের শূন্য পদে উপনির্বাচন পরিচালনার নিমিত্ত ২ নম্বর ও ৩ নম্বর কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছে :

## তফসিল

| নির্বাচনের নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১নং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর | সিনিয়র জেলা নির্বাচন অফিসার ঢাকা | থানা নির্বাচন অফিসার উত্তরা, ঢাকা |
| | | থানা নির্বাচন অফিসার ক্যান্টনমেন্ট, ঢাকা |
| | | থানা নির্বাচন অফিসার গুলশান, ঢাকা |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

১২/৩/২০২৪

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

প্রাপক:

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-২২৭

তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ / ১২ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব ................................................(সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/ বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৮. বিভাগীয় কমিশনার, ....................... (সংশ্লিষ্ট) বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. পুলিশ কমিশনার, ....................... (সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক, ....................... (সংশ্লিষ্ট)
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....................... (সংশ্লিষ্ট) অঞ্চল
১৭. পুলিশ সুপার, ....................... (সংশ্লিষ্ট)
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ....................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ....................... (সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ......................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. থানা নির্বাচন অফিসার, ..........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা.....................................(সংশ্লিষ্ট) থানা।

AA 12.03.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন- ৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com